# Sanatan Dharma



**চারধাম"**

চারধাম" --- এর অর্থ কী..?
বদ্রীনাথ, দ্বারকা, পুরী ও রামেশ্বরম -- এই চার তীর্থক্ষেত্রকে একত্রে 'চারধাম' বলে। আদি শঙ্করাচার্য এই চারধামের কথা বলে গিয়েছেন। খেয়াল করলে দেখা যায়., এই চারটি তীর্থস্থলের অবস্থান ভারতের চারটি ভিন্ন অঞ্চলে। বদ্রীনাথ উত্তরের উত্তরাখণ্ডে, দ্বারকা পশ্চিমের গুজরাটে, পুরী পূর্বের ওড়িশায় এবং রামেশ্বরম দক্ষিণের তামিলনাড়ুতে অবস্থিত। আদি শঙ্করাচার্য এই চারধামেই মন্দির স্থাপনা করেছিলেন।

1. বদ্রীনাথ:
মনে করা হয়, বিষ্ণুর অবতার নর-নারায়ণ বদ্রীনাথে তপস্যা করার পর থেকে ওখানকার গুরুত্ব বৃদ্ধি পায়।

2. রামেশ্বরম:
ত্রেতাযুগে ভগবান রাম ভগবান শিবের আশীর্বাদ পাওয়ার জন্য এখানে শিবলিঙ্গ তৈরি করে পুজো করেছিলেন। রামেশ্বরম কথার অর্থ রামের ঈশ্বর। তাই এটি দ্বিতীয় ধাম।

3. দ্বারকা:
এটি তৃতীয় ধাম। দ্বাপরযুগে মথুরা পরিত্যাগ করে ভগবান শ্রীকৃষ্ণ এখানে থাকতে শুরু করেন। সেই থেকে তীর্থক্ষেত্র হিসেবে এর গুরুত্ব বেড়ে যায়।

4. পুরী:
পুরীতে ভগবান জগন্নাথ কলিযুগের অবতার হিসেবে পূজিত হন। পুরীকে তাই চতুর্থ ধাম হিসেবে মনে করা হয়।

Published on: Mar, 21 2023 11:33